দর্শনায় সড়ক দুর্ঘটনায় আহত তুহিনের মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বেগমপুরে সড়ক দুর্ঘটনায় তুহিন ইমরান (১৮) নামে এক যুবক নিহত হয়েছেন।

আজ শনিবার ভোরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। টানা ৯ দিন মৃত্যর সাথে পান্জা লড়ে হেরে গেলেন তুহিন ইমরান।

নিহত ইমরান সদর উপজেলার ছোট শলুয়া গ্রামের আশরাফুজ্জামান ওরফে সানাউল্লাহর ছেলে।

দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা জানান, গত ১৫ ফেব্রুয়ারি রাত ১০টার দিকে তুহিন মোটরসাইকেলে করে বেগমপুর গ্রাম থেকে নিজ বাড়িতে যাচ্ছিলেন। এ সময় বেগমপুর কেরুর ফার্মের সামনে পৌঁছালে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লাগে। এতে তুহিন গুরুতর আহত হন।

এ সময় খবর পেয়ে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসক তার প্রাথমিক পরীক্ষা- নিরীক্ষা শেষে ভর্তি রাখেন।

তুহিনের অবস্থার অবনতি হলে ১৬ ফেব্রুয়ারি রাত ৩টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। আজ শনিবার ভোর সাড়ে ৫টার দিকে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তুহিন মারা যান।

দামুড়হুদা প্রসূতি মাকে আর্থিক সহায়তা করলেন চেয়ারম্যান হযরত

আলী

দামুড়হুদা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবিকার দ্বারা বিরুপ আচারণের স্বীকার হাতিভাঙ্গা গ্রামের প্রসূতি মা ও শিশুকে দেখা শুনা ও অর্থিক সহায়তা করলেন সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

আজ শনিবার বিকাল সাড়ে ৪ টার দিকে হাতিভাঙ্গা বসতি পাড়ায় তারা চাঁদ ফকিরের বাড়িতে গিয়ে অসহায় পরিবারের খোঁজ খবর নেন এবং অর্থিক সহায়তা করেন ।

জানাযায়, দামুড়হুদা উপজেলার হাতিভাঙ্গা গ্রামের বসতি পাড়ার অসহায় পরিবার তারাচাঁদ ফকিরের মেয়ে রোজিনা খাতুন টাকার অভাবে হাসপাতাল কিম্বা ক্লিনিকে নিতে না পেরে গত রবিবার বাড়িতে নরমালে ডেলিভারিতে ছেলে সন্তান জম্ম হয়। নরমাল ডেলিভারি হওয়ার সময় প্রসাবের রাস্তা কেটে যায় এতে রক্ত বের হতে থাকে। পরিবার ও এলাকাবাসীর সহযোগিতায় রোজিনা খাতুনকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে ইমার্জেন্সিতে কতব্যরত চিকিৎসক শুনার পর সেবিকাদের নিকট পাঠান।তখন সেবিকার দায়িত্ব পালন করেন অশিতা হালদার, জেনিফা খাতুন ও আয়া সেলিনা খাতুন। এ সময় রোগি দেখার পর অশিতা হালদার ও আয়া সেলিনা খাতুন কিছু টাকা দাবি করে বলে যে হাত মোজা, সাবান,সুতা কিনে আনতে।পরে এগুলো কিনে আনার পর ভুক্তভোগীরা বলে আমরা গরিব মানুষ ২ হাজার টাকা দিব তখন সেবিকা অশিত টাকা কম হওয়ায় রাগগ্নিত হয়ে রোগি এবং রোগির লোকজনকে তাড়িয়ে দেয়।

এমন ঘটনায় স্থানীয় প্রত্রিকায় প্রকাশিত সংবাদ নজরে আসে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের মানবিক চেয়ারম্যান হযরত আলির। পরে তিনি বিভিন্ন সংবাদকর্মী ও এলাকাবাসীর কাছে ঘটনা শুনে সত্যতা মিললে ছুটে যান হাতিভাঙ্গার বসতি পাড়ার অসহায় পরিবার তারাচাঁদ ফকিরের বাড়িতে। সেখানে তার পরিবারের খোঁজ খবর নেন এবং প্রসূতি মা ও সন্তানের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা করেন। সেই সাথে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেওয়া উপহার খাদ্য সম্যগ্রী সেই পরিবারের দেন।

এ সময় প্রসূতি মা রোজিনা খাতুন বলেন, আমার আব্বা গরিব মানুষ আমাকে ঠিকমতো চিকিৎসা করতে পারছে না আর সেই সময় চেয়ারম্যান ভাই আমাদের বাড়িতে এসে সহযোগিতা করেছেন এ কথা কোন দিন ভুলব না।

সেদিন নার্সরা আমাকে যেভাবে তাড়িয়ে দিয়েছিল রক্তক্ষরণ হয়ে আমি মরে যেতাম। নার্সরা আমার সাথে যা করেছে তা যেন আর অন্য করো সাথে না করে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী বলেন, স্থানীয় পত্র প্রত্রিকায় সংবাদ প্রকাশিত ও সংবাদিক ভাইদের কাছে খবর পেয়ে আমি ছুটে চলে এসেছি। আসলেই আমি অবাক হয়ে গেছি ঘটনা শুনে।চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য মাননীয় এমপি হাজী আলী আজগার টগর এই এলাকার জনগণের কথা ভেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সিজারের ওটি, এক্সরে মেশিন, অক্সিজেন, নতুন বিল্ডিং করে দিয়েছেন। তার পর ও যদি সঠিকভাবে রোগিরা সেবা না পাই তাহলে রোগিরা যাবে কোথায়। এমন ঘটনা শুনলে নিজেদেরই লাজ্জা লাগে। তাই আমি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কর্মকতাকে অনুরোধ করবো হাসপাতালে নিয়োজিত ডাক্তার ও নার্সদের একটু মানবিকভাবে চিকিৎসা প্রদানের জন্য।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের নিয়মিত সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনির ১৫২৭ তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়।

১৫২৭ তম এই আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের জীবন সদস্য নটরাজ হারুন অর রশিদ।
স্বরচিত লেখা পাঠ করেন বনলতা, হুমায়ুন কবীর, কাজল গুরু, সুমন মালিক, এম এ মামুন হারুন অর রশিদ, আবু নাসিফ খলিল, শহিদুল ইসলাম, সুমন ইকবাল, জামাল উদ্দীন বেঙ্গলী প্রমুখ।

স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার

রোকনুজ্জামান।

বাংলা সাহিত্যের পুরোধা কবি কাজী নজরুল ইসলামের জীবন ও কর্ম নিয়ে বিস্তারিত আলোকপাত করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল। অনুভূতি ব্যক্ত করেন শব্দসারি সংকলনের প্রকাশক ও সম্পাদক শেখ পিন্টু । অনুষ্ঠান শেষে উপস্থিত সকলকে অভিনন্দন জানিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

চুয়াডাঙ্গায় বিপি দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় যথাযথ মর্যাদার সাথে স্কাউট এর প্রতিষ্ঠাতা ব্যাডেন পাওয়েল এর ১৬৭তম জন্মদিন পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে কেক কাটা, র্যালি ও র্যালি পরবর্তী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা জেলা স্কাউটস এবং চুয়াডাঙ্গা জেলা রোভারে যৌথ আয়োজনে দিবসটি উদযাপন করা হয়। চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা স্কাউটস এবং জেলা রোভারের সভাপতি ড.কিসিঞ্জার চাকমার উপস্থিতিতে কেক কাটা এবং বিপি দিবস অনুষ্ঠিত হয়।

এ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলার রোভারের সভাপতি ড. কিসিঞ্জার চাকমা বলেন, স্কাউট এর তিনটি শাখা কাব স্কাউট, স্কাউট এবং রোভার স্কাউট সবসময় আর্ত মানবতার জন্য কাজ করে থাকে । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা ক্রমে ২০২১ সালের মধ্যে বাংলাদেশে ২১ লক্ষ স্কাউট তৈরীর লক্ষ ইতিমধ্যে অর্জন করেছে বাংলাদেশ। সেইসাথে ২০৪১ সালের মধ্যে ৪১ লক্ষ স্কাউট তৈরীর লক্ষ্যে কাজ করছে বাংলাদেশ। স্কাউট রাষ্ট্রের সকল প্রকার কার্যক্রমে বিশেষভাবে সেবা প্রদান

করে থাকে । এ সময় তিনি বিপি দিবসের আনুষ্ঠানিক সফলতা কামনা করেন।

এ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সভাপতি ড. কিসিঞ্জার চাকমা বিপি দিবস উপলক্ষে কাব স্কাউট, স্কাউট, রোভার এবং ইউনিট লিডারদের নিয়ে স্কাউটের প্রতিষ্ঠাতার জন্মদিন উপলক্ষে কেক কাটেন।

স্কাউট এর প্রতিষ্ঠাতা রবার্ট স্টিভেন্সন স্মিথ লর্ড ব্যাডেন পাওয়েল অব গিলওয়েল স্কাউটদের মাঝে তিনি বি.পি. এবং গিলওয়েলের ব্যাডেন পাওয়েল নামেও সমাধিক পরিচিত।

র্যালি পরবর্তী আলোচনা সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সিনিয়র সহ-সভাপতি প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ। এ সময় তিনি বলেন, স্মার্ট বাংলাদেশের লক্ষ্য নিয়ে বাংলাদেশ যে পথে এগিয়ে যাচ্ছে সেই জন্য তিনি কাব স্কাউট স্কাউট এবং রোভার স্কাউটদের বিশেষভাবে অবদান রাখা এবং ইউনিট লিডারদের প্রতি বিশেষ ভাবে অনুরোধ জ্ঞাপন করেন।

উক্ত আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের স্থানীয় সরকারের উপ-পরিচালক শারমিন আক্তার, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবির হোসেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. আব্দুল আজিজ, চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক জাহিদুল হাসান, চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্ম সম্পাদক আবু নাসির, চুয়াডাঙ্গা জেলা স্কাউটস এর সম্পাদক তানভীর আহমেদ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন প্রতিষ্ঠানের রোভার ইউনিট লিডার ও জেলা স্কাউট এর বিভিন্ন প্রতিষ্ঠানের ইউনিট লিডার সহ চুয়াডাঙ্গা জেলার সকল প্রতিষ্ঠান রোভারবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে এমপি টগরকে সংবর্ধনা

প্রদান

চুয়াডাঙ্গা-২ আসনে টানা ৪র্থ বারের মতো সংসদ সদস্য নির্বাচিত হওয়ায় হাজী আলী আজগর টগরকে নাগরিক সংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা চত্বরে এক আলোচনা সভা শেষে এই সংবর্ধনা দেওয়া হয়।

উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ, সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান গোলাম মোর্তুজা, সহকারী কমিশনার (ভূমি) তিথী মিত্র, পৌর মেয়র রফিকুল ইসলাম, ভাইস-চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি এস এম জাবিদ হাসান, জীবননগর পৌর সভার সাবেক মেয়র জাহাঙ্গীর আলম, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন সুরোদ্দীন, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা, হাসাদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রবি বিশ্বাস, আন্দুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মির্জা লিটন, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিল্টন মোল্লাসহ ইউপি সদস্য, বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদকগন উপস্থিত ছিলেন ।

এদিকে আলোচনা সভা শেষে জীবননগর উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন ও ইয়ুথ এ্যাসেম্বলির পক্ষ থেকে সম্মাননা স্মারক ক্রেষ্ট প্রদান করা হয়। অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা মাধ্যমিক অধিদপ্তরের মাধ্যমিক একাডেমিক সুপার ভাইজার আব্দুর জব্বার।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দিকে চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান, দামুড়হুদা উপজেলা নিবার্হী অফিসার রোকসানা মিতা জেলা পরিষদের নিবার্হী প্রধান মিজানুর রহমান ও সহকারী নিবার্হী ইসরাইল হোসেনসহ বেশ কয়েকজন কর্মকতার্ ঘটনা পরিদর্শন করেন।

এ ঘটনায় পুলিশ বাদী হয়ে পরানপুর গ্রামের হাজী গোলজার মিয়ার ছেলে আনোরুল অজিম (৪৫), বাবর আলীর ছেলে খোকন (৪০,সানোয়ার মন্ডলের ছেলে বাবু (৪২), মাসুদ (৪৫) পিতা অজ্ঞাত, নবাব আলীর ছেলে মহসিন আলী, লোকনাথপুর মৃত ওয়াদুদ শাহের ছেলে গ্রামের মুকুল শাহ (৪৫), ইদ্রিস আলী (৪০) পিতা অজ্ঞাত, লোকনাথপুর গ্রামের সদু মিয়ার ছেলে রমজান আলী (৪০), হাবিবুর রহমানের ছেলে গটু (৪৫)সহ আরো ৫/৬ জনের বিরুদ্ধে আসামী করে দর্শনা থানায় একটি মামলা হয়েছে।

এ সব জমির মালিকদের কাছে বিষয়টি জানতে চাইলে জমির মালিকরা বলেন, আমাদের জমির সামনে সড়কের পাশে আমাদের নিজেদের লাগানো এই গাছগুলো। আমাদের গাছ কাটার কোন প্রয়োজন ছিলো না। পরানপুর গ্রামের সার ও কীটনাশক বিক্রেতা বলেন কয়েকদিন আগে সড়ক নিমার্নের সাথে সংশ্লিষ্ট সেলিম উদ্দিন নামে একজন সরকারি পরিচয় দিয়ে বলেন, সড়কের কাজ চলছে আপনাদের যার যার জমির পাশের সড়কের গাছ আছে সেগুলো কেটে নেন। এ কথা শুনার পর আমরা আমাদের জমির সামনের সড়কের পাশের গাছ কেটে নিয়।

এ ছাড়াও কৃষকরা আরো বলেন, আমাদের লাগানো গাছ গুলো কেটে নিয়েছি। আর এঘটনায় এখন আমাদের বিরুদ্ধে মামলা হয়েছে। আমাদের কি অপরাধ। বিষয়টি সঠিক তদন্ত করে আমাদের বিরুদ্ধে মামলা প্রত্যহারের দাবী করছি।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার শাহা বলেন,দর্শনা পরানপুর – লোকনাথপুর সড়কের গাছ কাটার অপরাধে ২১ফেব্রুয়ারি বুধবার ৮ জনের নাম উল্লেক করে অজ্ঞাত ১৫-২০ জনের নামে মামলা হয়েছে যার মামলা নং১৫।

দর্শনায় মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

চুয়াডঙ্গার দর্শনায় যথাযোগ্য মর্যাদায় ও শ্রদ্ধার মধ্যে দিয়ে ২১ শে ফেরু্রয়ারী আন্তজাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে।

দর্শনা পৌরসভার আয়োজনে আজ বুধবার (২১ ফেব্রুয়ারি) প্রথম প্রহর রাত ১২টা ১মিনিটে দর্শনা সরকারি কলেজ চত্বরে অবস্থিত শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হয়।

প্রথমে পুষ্পস্তবক অর্পণ দিয়ে ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন, চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু।

বিগত বছরের ন্যায় এ বছরও উপজেলার দর্শনা পৌরসভার আয়োজনে সকল এনজিও, রাজনৈতিক দলমত, নাট্য সংগঠন, সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকতার্-কর্মচারী ও স্কুল কলেজের ছাত্র/ছাত্রী দর্শনা কেরু চিনিকলের মাঠে নিজ নিজ প্রতিষ্ঠানের ব্যানার নিয়ে একত্রীত্ব হয়।

এসব অংশগ্রহনকারী সংগঠনের মধ্যে ছিলো দর্শনা অনিবার্ণ থিয়েটার, দর্শনা পৌর আওয়ামীলীগ, দর্শনা গণ-উন্নয়ন গ্রন্থাগার, ওয়েভ ফাউন্ডেশন, ঈশ্বরচন্দ্রপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, আল হেরা- ইসলামী মাধ্যমিক বিদ্যালয়, দক্ষিন চাঁ◌াদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দর্শনা ডি এস ফাজিল মাদ্রাসা, দক্ষিন চাঁ◌াদপুর মাধ্যমিক বিদ্যালয়, দর্শনা লিটিল এনজেলাস স্কুল, উদ্দিপন সংস্থা,মৌচাক সামাজিক উন্নয়ন সংস্থা, দর্শনা সি এন্ডএফ , দর্শনা ফারিয়া, অংকুর আর্দশ বিদ্যালয়, দর্শনা আইডিয়াল স্কুল এ্যান্ড কলেজ, পূর্বরামনগর সরকারী প্রা্থমিক বিদ্যালয়, শ্যামপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দর্শনা হিন্দোল সংগীত পরিষদ, পরাণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়, দর্শনা বালিকা বিদ্যালয়, দর্শনা পৌরসভা, মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়, দর্শনা উদ্ভিদ সংগনিরোধ, দর্শনা শেখ রাসেল স্কুল এ্যান্ড কলেজ, দর্শনা ইলেকট্রনিশিয়ান

এ্যাসোসিয়েশন, ও দর্শনা শান্তিনগর সরকারী প্রাথমিক।

এরপর জাতীয় সংগীতের মাধ্যমে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর জাতীয় পতাকা ও পৌর মেয়র আতিয়ার রহমান হাবু কালো পতাকা উত্তোল করেন। দর্শনা সরকারী কলেজের সহকারী অধ্যক্ষ ড. মফিজুর রহমান উপস্থিত ৩৫টি বিভিন্ন সংগঠন ও শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় ৮ হাজার মানুষদের শপত বাক্য পাঠ করান। এসময় আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু,কেরু চিনিকলের শ্রমিক নেতা সাবেক সভাপতি তৈয়ব আলী, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান ও শ্রমিক নেতা জয়নাল আবেদীন নফর। এরপর প্রতিটি প্রতিষ্ঠান একে একে নিজ নিজ ব্যানার নিয়ে দর্শনা বাজার মাঠ থেকে দর্শনা সরকারী কলেজ চত্বরে দর্শনা প্রধান শহিদ মিনারে পুস্পমাল্য দান করেন। এছাড়া দর্শনা পৌর আওয়ামীলগী, বিএনপি, জাতীয় পার্টি,জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ, বাংলাদেশ কমিউনিষ্ট পার্টি বাংলাদেশ জাসদ একে একে শহীদ বেদিতে পুস্পমাল্য অর্পন করেন। শুধুমাত্র ২১ শে ফেরু্রয়ারী নয়, জতীয় দিবস যেমন ১৬ ডিসেম্বর ও স্বাধীনতা দিবস দর্শনা পৌর সভার আয়োজনে পালিত হয়ে থাকে।

পুস্পমাল্য অর্পন শেষে দর্শনা অর্নিবাণ থিয়েটার ও হিন্দেল সংগীত পরিষদের আয়োজনে সকাল ১০টায় শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা এবং সন্ধায় অনিবার্ণ থিয়েটারের আয়োজনে মুনির চৌধুরীর রচনায় এবং কবিরুল হক লিপুর নিদের্শনায় কবর নাটক পরিবেশিত হয়। এছাড়া দামুড়হুদা উপজেলায় ভিন্ন ভিন্ন স্থানে ২১ শে ফেরু্রয়ারীর বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে।

কেরু চিনিকলের মাঠে সংসদ সদস্য আলী আজগার টগর ও মেয়র আতিয়ার রহমান হাবু জাতীয় ও কালো পতাকা উত্তোলন করছেন।অপরদিকে কেরু এ্যান্ড কোম্পানীর আয়োজনে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করা হয়।পরে জাতীয় ও কালো পতাকা উত্তোলন করে।পরে কেরু উচ্চ বিদ্যালয়ের আয়োজনে র্যালি বের করে।র্যালিটি শহরের বিভিন্ন প্রদিক্ষন শেষে কেরু উচ্চ বিদ্যালয়ের মাঠে শেষ হয়।প্রথমে পুষ্পস্তবক অর্পণ দিয়ে ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন,কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন,ফ্যাক্টরি ম্যানেজার সুমন কুমার শাহা, জি এম অর্থ আব্দুস ছাত্তার, জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, মহাব্যাবস্থাপক প্রশাসন এডি এম ইউসুফ আলী,কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুর রহিম।

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ১০ টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় চত্বরের ডিসি সাহিত্য মঞ্চে জেলা শিল্পকলা একাডেমির পরিচানলায় এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা প্রশাসন।

চুয়াডাঙ্গার জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আজকের এই দিনটা একদিকে বেদনাবিধুর। আর একদিকে আমাদের শক্তি ও সাহস এগিয়ে চলার পথ প্রদর্শক। বাঙ্গালী জাতীর যা কিছু তার সবই রক্তের বিনিময়ে অর্জন করতে হয়েছে। সেই রক্তকেই আমরা ভুলতে বসেছি। আমাদের ভুলে গেলে চলবে না। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, শুধু ক্লাসের বই পড়ে শিক্ষীত হলে হবে না। আমাদের দেশটা কিভাবে বাংলাদেশ হয়ে তার ইতিহাস জানতে হবে। ক্লাসের বইয়ের পাশাপাশি স্বাধিনতার ইতিহাস পড়তে হবে। বিজাতী চক্র থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। তিনি আরও বলেন, আমাদের সময় যখন প্রভাতফেরি হতো তখন আমরা খালিপায়ে রাস্তায় হেটেছি। কিন্তু আজকের যুগের ছেলে-মেয়েদের আধুনিকতার ছোঁয়ায় সেটা হারিয়ে গেছে।

আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আরএম ফয়জুর রহমান, জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গার পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন প্রমুখ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুন্সী আবু সাইফের প্রাণবন্ত সঞ্চালনায় আলোচনা সভায় মুল প্রবন্ধ উপস্থাপন করেন চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের সহযোগী

অধ্যাপক ও বাংলা বিভাগের বিভাগীদ প্রধান ড. মো. আব্দুর রশীদ।

এসময় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন, স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ প্রফেসর আবু রাশেদ, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা-তুজ-জোহরা, সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সাজ্জাদ হোসেন, জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমগীর হান্নান, জেলা মার্কেটিং অফিসার সহিদুল ইসলাম, এসএ টেলিভিশনের চুয়াডাঙ্গা প্রতিনিধি বিপুল আশরাফ সহ জেলা প্রশাসন, পুলিশ বিভাগ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা শিল্পকলা একাডেমির পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।